ইমেইলে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.২৫.০০১.২৪.২৪৪ তারিখ: ১৩ মে, ২০২৫ খ্রি.।

**বিষয়: Pre-accreditation workshop on Risk Management, with a specialization in Supply Chain Integrity.**

সূত্র: WCO হতে প্রাপ্ত পত্র নং- 25FL0162E; তারিখ: ০৫ মে, ২০২৫/ব্রাসেলস।

Mr. Ian Saunders, Secretary General, World Customs Organization (WCO) এর নিকট হতে ০৫.০৫.২০২৫খ্রি. তারিখে ইমেইলে প্রাপ্ত পত্রটি পর্যালোচনায় দেখা যায়, অস্ট্রেলিয়ান সরকার এবং অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্সের আর্থিক সহায়তায় এবং WCO এর সাপ্লাই চেইন ইন্টিগ্রিটি প্রজেক্ট এর আওতায় আগামী ১৩-১৭ অক্টোবর ২০২৫খ্রি. তারিখে (সম্ভাব্য) ব্যাংকক, থাইল্যান্ডে Pre-accreditation workshop on the topic of Risk Management, with a specialization in Supply Chain Integrity' অনুষ্ঠিত হবে।

২। এই কর্মশালাটির লক্ষ্য হল Technical and Operational Advisors (TOAs) একটি পুল (Pool) তৈরি করা, যাঁরা Supply Chain Integrity' নিশ্চিতকল্পে এ সংক্রান্ত ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে WCO-এর Standards and Tools (Guidelines, Compendium) প্রচার করতে এবং WCO-এর পক্ষে সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম (Conducting Training Program, Workshop) পরিচালনা করতে সক্ষম।

৩। উল্লেখযোগ্য বিষয় হলো, এটি কোন প্রশিক্ষণ কর্মশালা নয়। WCO কর্তৃক সারা বিশ্ব থেকে ১০ জন অংশগ্রহণকারী নির্বাচনের লক্ষ্যে প্রাক-অ্যাক্রিডিটেশন কর্মশালায় একজন অংশগ্রহণকারীর অর্জিত জ্ঞান, দক্ষতা, যোগাযোগের দক্ষতা এবং একটি আন্তর্জাতিক দলে কাজ করার ক্ষমতা মূল্যায়ন করা হবে। মনোনীত প্রার্থীদের. আলোচ্য পত্রের সাথে সংযুক্ত Annexure 1 এ বর্ণিত উচ্চ স্তরের জ্ঞান এবং দক্ষতা থাকতে হবে। আলোচ্য প্রোগ্রামে অংশগ্রহণের জন্য বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাকে মনোনয়ন প্রদানপূর্বক আবেদনকারীর আবেদন প্রেরণ করতে বলা হয়েছে। আমন্ত্রণপত্রের সাথে সংযুক্ত দলিলাদিতে কর্মশালা এবং প্রার্থীদের যোগ্যতা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশিত আছে (ই-মেইলে সংযুক্ত)।

৪। যেসব প্রার্থীরা সফলভাবে প্রাক-অ্যাক্রিডিটেশন সম্পন্ন করবেন, তাঁদেরকে WCO কর্তৃক সদস্য রাষ্ট্রে অথবা অনলাইনে WCO স্বীকৃত বিশেষজ্ঞের সাথে যৌথভাবে একটি Capacity Building Mission এ নেতৃত্ব দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হতে পারে। উক্ত মিশনে প্রদর্শিত ক্ষমতার উপর নির্ভর করে প্রার্থীদের WCO TOA হিসেবে আনুষ্ঠানিক অ্যাক্রিডিটেশন প্রদান করা হবে।

৫। WCO Supply Chain Integrity Project হতে একজন অংশগ্রহণকারীর খরচ নির্বাহ করা হবে, যার মধ্যে ইকোনমি ক্লাস বিমান ভাড়া এবং Subsistence Allowance অন্তর্ভুক্ত থাকবে।

৬। বর্ণিতাবস্থায়, বিবেচ্য কর্মশালায় অংশগ্রহণের জন্য লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী প্রার্থীগণকে (সহকারী কমিশনার ও তদূর্ধ্ব) আগামী ২২ মে ২০২৫ খ্রি. তারিখের মধ্যে যথাযথ সংযুক্তিসহ পূরণকৃত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সদস্য (কাস্টমস অডিট, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড বরাবর এবং ই-মেইলযোগে (wcoaffairs.nbr@gmail.com) সফটকপি (এমএস ওয়ার্ড ফাইল ও পিডিএফ ফাইল) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩টি (ই-মেইলে প্রেরিত)।

১৩.৫.২০২৫

**(অনুপম চাকমা)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs & IPR Section)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: wcoaffairs.nbr@gmail.com

**<u>বিতরণ কার্যার্থে</u>** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**:**

১. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. কমিশনার, কাস্টম হাউস (সকল)।
৩. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৪. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৭. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূল্য সংযোজন কর, ঢাকা।
৮. কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কাস্টমস: আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১০. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্রগ্রাম/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১২. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পত্রটি সংযুক্তিসহ প্রকাশের অনুরোধসহ]।**
১৩. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪. দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**<u>অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।